

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৮৫৫

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১০. দ্বিতীয় অনুচ্ছেদ - জিহ্বার হিফাযাত, গীবত এবং গালমন্দ প্রসঙ্গে

আরবী

وَعُن خالدِ

بن معدانَ عَنْ مُعَادْ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ عَيَّرَ أَخَاهُ بِذَنْبٍ لَمْ يَمُتْ حَتَّى يَعْمَلَهُ» يَعْنِي مِنْ ذَنْبٍ قَدْ تَابَ مِنْهُ _. رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ غَرِيبٌ وَلَيْسَ إِسْنَادُهُ بِمُتَّصِلٍ لِأَنَّ خَالِدًا لَمْ يُدْرِكْ معَاذ بن جبل

বাংলা

৪৮৫৫-[88] খালিদ ইবনু মা'দান (রহিমাহুল্লাহ) মু'আয (রাঃ) হতে বর্ণনা করেন। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি তার কোন মুসলিম ভাইকে লজ্জা দেয়, সে লজ্জাদাতা ঐ অপরাধ না করা পর্যন্ত মরবে না। রাবী বলেন, অর্থাৎ- যে অপরাধ হতে সে প্রত্যাবর্তন করেছে। (তিরমিযী)[1]

ফুটনোট

[1] মাওযূ': তিরমিয়ী ২৫০৫, য'ঈফাহ্ ১৭৮, য'ঈফুল জামি'উস্ সগীর ৫৭১০, শু'আবুল ঈমান ৬৬৯৭, আল মু'জামুল আওসাত্ব ৭২৪৪।

হাদীসটি মাওযূ' হওয়ার কারণ, এর সনদে "মুহাম্মাদ ইবনুল হাসান ইবনু আবী ইয়াযীদ আল হামদানী" নামের বর্ণনাকারী মিথ্যুক। আর খালিদ ইবনু মা'দান হাদীস বর্ণনা করেছেন মু'আয ইবনু জাবাল (রাঃ) থেকে, অথবা খালিদ ইবনু মা'দান রাবী মু'আয ইবনু জাবাল (রাঃ)-কে দেখেননি। দেখুন- সিলসিলাতুয য'ঈফাহ ১৭৮।

ব্যাখ্যা

व्याখ্যাঃ (مَنْ عَيَّر) যে দোষ বর্ণনা করে, তিরস্কার করে। (أَخَاهُ) তার কোন মুসলিম (দীনী) ভাইয়ের। (بِنَانِب) অতীতে কৃত পাপের কারণে যা থেকে সে এখন তাওবাহ্ করে নিয়েছে অথবা গালির উদ্দেশে।



(لَمْ يَمُتْ حَتِّي يَعْمَلُهُ) সে যে দোষে তার ভাইকে তিরস্কার করেছিল সেই কাজ না করা পর্যন্ত মারা যাবে না।

وَيُعْنِي مِنْ ذَنْبٍ قَدْ تَابَ مِنْهُ) অর্থাৎ এমন গুনাহ যা থেকে তার মুসলিম ভাই তাওবাহ্ করেছিল। (সেই গুনাহের কাজিট না করা পর্যন্ত তার মৃত্যু হবে না)। (মিরক্লাতুল মাফাতীহ)

এ হাদীসের শিক্ষা হলোঃ শুধু দোষ বর্ণনা করার জন্য কারো গুনাহের কাজ প্রকাশ করে দেয়া খুবই মন্দ কাজ যা শাস্তিযোগ্য অপরাধ। ছয়টি কারণ ছাড়া ভালো উদ্দেশ্য সত্ত্বেও অন্যের দোষ বর্ণনা করা বৈধ নয়। (তুহফাতুল আহ্ওয়াযী ৫ম খন্ড, হাঃ ২৫০৫)

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ খালিদ ইবনু মা'দান (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন